

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

রাজনৈতিক শাখা-৪

[www.mhapsd.gov.bd](http://www.mhapsd.gov.bd)

## প্রজ্ঞাপন

এই মর্মে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত “আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬”-এর অনুচ্ছেদ ২৫(গ) অনুযায়ী “আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারী কোন ব্যক্তি নিজ ব্যতীত অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের ব্যক্তিগত নিরাপত্তা বা সম্পত্তি রক্ষার জন্য অস্ত্রধারী প্রহরী হিসেবে নিয়োজিত হতে পারবেন না। সে ক্ষেত্রে তার অস্ত্রের লাইসেন্স তাৎক্ষণিকভাবে বাতিলযোগ্য হবে”। উক্ত নীতিমালা লংঘন করে কোন কোন ব্যক্তি ব্যক্তিগত নিরাপত্তার জন্য লাইসেন্সপ্রাপ্ত নিজ নামীয় আগ্নেয়াস্ত্রসহ বেসরকারি নিরাপত্তা সংস্থায় নিরাপত্তা রক্ষী হিসেবে অথবা অন্য ব্যক্তির দেহরক্ষী হিসেবে নিয়োজিত রয়েছেন।

০২। এছাড়াও, “আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬”-এর অনুচ্ছেদ ২৫(ক) অনুযায়ী “কোন ব্যক্তি স্থায়ী লাইসেন্সে এন্ট্রিকৃত অস্ত্র আত্মরক্ষার নিমিত্ত নিজে বহন/ব্যবহার করতে পারবেন। তবে অন্যের ভীতি/বিরক্তি উদ্বেক করতে পারে এরূপভাবে অস্ত্র প্রদর্শন করা যাবে না”। উক্ত নীতিমালা লংঘন করে কোন কোন ব্যক্তি প্রকাশ্যে অস্ত্র প্রদর্শন করে জনমনে ভীতি ও আতংক সৃষ্টির প্রয়াস চালাচ্ছেন।

০৩। বর্ণিতাবস্থায়, অস্ত্র আইন ১৮৭৮ কঠোরভাবে অনুসরণ এবং বৈধ অস্ত্রের অবৈধ ব্যবহার রোধকল্পে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত “আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬”-এর অনুচ্ছেদ ২৫(গ) অনুসরণপূর্বক ব্যক্তিগত নিরাপত্তার জন্য লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণকে বেসরকারি সংস্থার নিরাপত্তা রক্ষী হিসেবে অথবা অন্য ব্যক্তির দেহরক্ষী হিসেবে নিয়োজিত হওয়া হতে বিরত থাকা এবং “আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬”-এর অনুচ্ছেদ ২৫(ক) অনুসরণপূর্বক প্রকাশ্যে অস্ত্র প্রদর্শন না করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আদেশ লংঘনকারীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মল্লিকা খাতুন)

উপসচিব

ফোন: ৯৫৪৬৪৩০

[dspol4mha@gmail.com](mailto:dspol4mha@gmail.com)

নং-বিবিধ-১২(১)/২০০৮(রাজ-৪)/(অংশ-১)- ৬২৪

তারিখ: ১৪/১০/২০১৯ খ্রিঃ।

বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
- ৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (এ বিষয়ে তাঁর অধিনস্থ সকল পুলিশ কমিশনার, রেঞ্জ ডিআইজি ও পুলিশ সুপারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ (এ বিষয়ে তাঁর অধিনস্থ সকল জেলা ম্যাজিস্ট্রেটকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৬। মহাপরিচালক, বিজিবি/এনএসআই/ডিজিএফআই/আনসার ও ভিডিপি/র্যাব, ঢাকা।
- ৭। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, মালিবাগ, ঢাকা।
- ৮। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি), জননিরাপত্তা বিভাগ-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। অফিস কপি।